

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৯৮

১/ বিবিধ

আরবী

إن في الجنة نهرا يقال له: رجب، [ماؤه أشد بياضا من اللبن، وأحلى من العسل] ،  
من صام من رجب يوما واحدا، سقاه الله من ذلك النهر  
باطل

رواه أبو محمد الخلال في " فضل شهر رجب " (1 / 11) والديلمي (281 / 2 / 1)  
والأصبهاني في " الترغيب " (224 / 1 - 2) عن منصور بن يزيد الأسدي: حدثنا  
موسى بن عمران قال: سمعت أنس بن مالك يقول ... ، فذكره مرفوعا. قلت: وهذا  
إسناد ضعيف مجهول، موسى بن عمران لم أعرفه، ووقع عند الديلمي: " موسى بن  
عبد الله بن يزيد ". ومنصور بن يزيد قال الذهبي: " لا يعرف، والخبر باطل، قرأته ...  
". ثم ساقه بإسناده إلى منصور به، إلا أنه وقع فيه: " موسى بن عبد الله الأنصاري ".  
والله أعلم. وقد أقره الحافظ في " اللسان ". وأما في " تبیین العجب "، فقد قال (ص 5  
- 7) : " لا يتهياً الحكم عليه بالوضع ". قلت: ولعله يعني من جهة السند. والله أعلم

বাংলা

১৮৯৮। জান্নাতে একটি নদী আছে তাকে রজাব বলা হয়। তার পানি দুধের চেয়েও বেশী সাদা আর মধুর চেয়েও  
বেশী মিঠা। যে ব্যক্তি রজাব মাসে এক দিন সওম পালন করবে, আল্লাহ তা'আলা তাকে সে নদী হতে পান  
করাবেন।

হাদীসটি বাতিল।

এটিকে আবু মুহাম্মাদ খাল্লাল “ফায়লু শাহরি রজাব” গ্রন্থে (১/১১), দাইলামী (১/২/২৮১) ও আসবাহানী “আততারগীব” গ্রন্থে (২২৪/১-২) মানসূর ইবনু ইয়াযীদ আসাদী হতে, তিনি মূসা ইবনু ইমরান হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ আমি আনাস ইবনু মালেক (রাঃ)-কে বলতে শুনেছি ...। তিনি মারফু হিসেবে হাদীসটিকে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল, মাজহুল। মূসা ইবনু ইমরানকে আমি চিনি না। দাইলামীর নিকট মূসা ইবনু আব্দুল্লাহ ইবনু ইয়াযীদ হিসেবে তাকে উল্লেখ করা হয়েছে। আর আরেক বর্ণনাকারী মানসূর ইবনু ইয়াযীদ সম্পর্কে হাফিয় যাহাবী বলেনঃ তাকে চেনা যায় না এবং হাদীসটি বাতিল ...।

অতঃপর তিনি তার সনদে মানসূর পর্যন্ত উল্লেখ করেছেন। কিন্তু তিনি বলেছেনঃ মূসা ইবনু আব্দুল্লাহ্ আনসারী।

হাফিয় ইবনু হাজার “আললিসান” গ্রন্থে তাকে সমর্থন করেছেন। তবে তিনি “তাবঈনুল আজাব” গ্রন্থে পৃঃ (৫-৭) বলেনঃ এর উপর বানোয়াটের হুকুম লাগানো যাচ্ছে না।

আমি (আলবানী) বলছিঃ সম্ভবত তা সনদের দিক দিয়ে। আল্লাহই বেশী ভাল জানেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72781>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন